কালের কণ্ঠ

তারিখ . . 04 NOV 2016 . . .
পৃষ্ঠা [illegible] কলাম ২



নারায়ণগঞ্জের আড়াইহাজারে শিক্ষিকার বেত্রাঘাতে আহত শিক্ষার্থীদের কয়েকজন। ছবি : কালের কণ্ঠ

### আড়াইহাজারে বেত্রাঘাতে ১০ শিক্ষার্থী আহত

# 'জাঁদরেল' শিক্ষিকার বিচার চেয়ে বিক্ষোভ

**নারায়ণগঞ্জ প্রতিনিধি ▷**

নারায়ণগঞ্জের আড়াইহাজারে শিক্ষিকার বেত্রাঘাতে ১০ শিশু শিক্ষার্থী আহতের ঘটনায় গতকাল বৃহস্পতিবার বিকেলে বিক্ষোভ করেছে অভিভাবক ও এলাকাবাসী। এ সময় অভিযুক্ত শিক্ষিকা জান্নাতুল ফেরদৌসী সুরভীর বিচারের দাবি জানান তাঁরা।

স্থানীয় সূত্রে জানা যায়, গত বুধবার দুপুরে উপজেলার হাইজাদী ইউনিয়নের ১০ নম্বর ধন্দী সরকারি প্রাথমিক বিদ্যালয়ে তৃতীয় শ্রেণির ইংরেজি ক্লাস নিচ্ছিলেন শিক্ষিকা জান্নাতুল ফেরদৌসী সুরভী। এ সময় বেশির ভাগ শিক্ষার্থীই কয়েকটি প্রশ্নের উত্তর দিতে ব্যর্থ হয়। এতে ক্ষুব্ধ হয়ে শিক্ষিকা সুরভী ১০ শিক্ষার্থীকে বেত্রাঘাত করেন। এ সময় কয়েকজন শিশু পড়ে গেলেও তাদের বেত্রাঘাত করতে থাকেন শিক্ষিকা। সহপাঠী ও অভিভাবকরা আহতদের উদ্ধার করে চিকিৎসকের কাছে পাঠায়। এদিকে অভিযুক্ত শিক্ষিকার বিচারের দাবিতে গতকাল বিকেলে এলাকায় বিক্ষোভ করেন অভিভাবক ও এলাকাবাসী। এ সময় সেখানে উত্তেজনা দেখা দেয়। পরে শিক্ষিকা সুরভী ভবিষ্যতে আর এ ধরনের কাজ করবেন না মর্মে উপস্থিত সবার কাছে ক্ষমা প্রার্থনা করেন।

শিক্ষার্থীদের অভিযোগ, ক্লাসে প্রতিদিনই বেত নিয়ে আসেন শিক্ষক-শিক্ষিকারা। পড়া না পারলেই বেত ব্যবহার করা হয়। স্কুলের দপ্তরি ফারুক জানান, কয়েক দিন পর পর তাঁকে ও শিশুদের দিয়ে প্রধান শিক্ষকসহ অন্যরা শিক্ষক-শিক্ষিকারা বেত সংগ্রহ করান। তবে বিষয়টি অস্বীকার করেন প্রধান শিক্ষক আক্তারুজ্জামান।

এ ব্যাপারে উপজেলা শিক্ষা কর্মকর্তা রাফেজা খাতুন বলেন, ঘটনাটি বুধবার ঘটলেও পরিস্থিতি ঘোলাটে হলে প্রধান শিক্ষক আমাকে বৃহস্পতিবার (গতকাল) দুপুরে জানান। দোষী শিক্ষক-শিক্ষিকাদের বিরুদ্ধে বিধি অনুযায়ী কঠোর ব্যবস্থা নেওয়া হবে।